

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৪. যুদ্ধ ও হত্যা বিষয়ক নির্দেশনা

আমরা বলেছি যে, ইহুদি ও খ্রিষ্টধর্মীয় বিশ্বাসে বাইবেলের প্রতিটা নির্দেশনা চিরন্তন, অলজ্ঘনীয় ও অপরিবর্তনীয়। কোনোভাবেই তা 'পরিবর্তিত', 'রহিত' বা 'নাসখ' হয় না। এ অধ্যায়ে আলোচিত যুদ্ধ বিষয়ক নির্দেশনাগুলো শুধু অতীত কালের মানুষদের জন্যই ছিল না। এগুলো সকল বাইবেল বিশ্বাসী মানুষের জন্য চিরন্তন নির্দেশনা। বাইবেলের মধ্যে ইবরাহীম/ অবরাহাম, ইয়াকুব/ যাকোব, মূসা/ মোশি, যিহোশূয় /ইউসা, শামুয়েল, দাউদ, শলোমন, ঈসা (আ.) ও অন্যান্য নবী, দর্শক, যাজক বা ইমামের মাধ্যমে ঈশ্বর যা কিছু নির্দেশ দিয়েছেন তা কিয়ামত পর্যন্ত সকল বাইবেল বিশ্বাসীর জন্যই নির্দেশ। যুদ্ধ বিষয়ক বাইবেলের এ সকল নির্দেশনা আমরা কয়েকটা অনুচ্ছেদে আলোচনা করিছ।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=14545

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন